তারিখ ... 01 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
আমাদের সময়

# আহছানউল্লাহ বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানির অভিযোগে শিক্ষক সাময়িক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক ●

যৌন হয়রানির অভিযোগ ওঠার পর শিক্ষার্থীদের আন্দোলনের মুখে রাজধানীর আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষককে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বরখাস্ত মাহফুজুর রশিদ ফেরদৌস তড়িৎ কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ছিলেন। একই সঙ্গে সহকারী প্রক্টরের দায়িত্বও পালন করছিলেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এএমএম শফিকউল্লাহ গতকাল দুপুরে বরখাস্তের সিদ্ধান্তের বিষয়টি সাংবাদিকদের জানান।

আন্দোলনরত শিক্ষার্থী তড়িৎ কৌশল বিভাগের ছাত্র মোহাইমিনুল সাংবাদিকদের বলেন, মাহফুজুর রশিদ ফেরদৌসের বিরুদ্ধে বিভিন্ন সময়ে ডিপার্টমেন্টের ছাত্রীদের যৌন হয়রানির এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## আহছানউল্লাহ বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃষ্ঠার পর) অভিযোগ রয়েছে। এর আগেও কয়েকবার তিনি একই কাজ করেছেন। সর্বশেষ এ সংক্রান্ত একটি ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করেছিলাম। এরপর তিনি ওই ছাত্রীকে চাপ নিয়ে মিথ্যা বিবৃতি লিখিয়ে নেন। যে কারণে তাকে বরখাস্তের দাবিতে শনিবার সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের তেজগাঁও ক্যাম্পাসের সামনে বিক্ষোভ শুরু করে শিক্ষার্থীরা। পরে দুপুরে সাময়িক বরখাস্তের সিদ্ধান্তের কথা জানান উপাচার্য। এতে পরিস্থিতি শান্ত হয়। তবে আমাদের দাবি, অবিলম্বে এই শিক্ষককে চাকরিচ্যুত করতে হবে এবং আইনের আওতায় নিয়ে আসতে হবে।

উপাচার্য বলেন, অভিযোগ তদন্তে কমিটি গঠন করা হয়েছে। বিষয়টির সুষ্ঠু তদন্ত করা হবে। ইতোমধ্যে ওই শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এ বিষয়ে শিক্ষক ফেরদৌসের প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি কথা বলতে অনীহা প্রকাশ করেন।